

বিয়ানীবাজারে অত্যাধুনিক মহিলা মাদ্রাসার শিক্ষা কার্যক্রম শুরু

উপজেলা সংবাদদাতা (বিয়ানীবাজার)

বিয়ানীবাজারে আন্তর্জাতিক মানসম্পন্ন আধুনিক মহিলা মাদ্রাসা প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেছেন এক প্রবাসী। এ লক্ষ্যে নিজ উদ্যোগে ভবন নির্মাণসহ সকল কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন করেছেন। আগামী জানুয়ারী মাসের প্রথম সপ্তাহে মাদ্রাসার আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে বলে জানিয়েছেন উদ্যোক্তা।

নর্থ লন্ডন জালালিয়া জামে মসজিদের (উনফিল্ড) বতিব ও লন্ডনস্থ বেসরকারী টিবি চ্যানেল বেকটন টিভি ও বাংলা টিভির ইসলামী ডায়াকার মাওলানা আব্দুর রহমান নেজামী তার নিজ এলাকা বিয়ানীবাজার উপজেলার মাখিউরা ইউনিয়নে 'দক্ষিণ মাখিউরা জালালিয়া মাদ্রাসাতুল বানাত' নামে এই মহিলা মাদ্রাসা প্রতিষ্ঠা করেছেন। সম্প্রতি এলাকায় এসে মেয়েদের ইসলামী শিক্ষায় শিক্ষিত করার লক্ষ্যে মহিলা মাদ্রাসা প্রতিষ্ঠার উদ্যোগের কথা এলাকাবাসীকে জানান। এলাকাবাসী মাওলানা নেজামীর এ উদ্যোগকে স্বাগত জানিয়ে মাদ্রাসা প্রতিষ্ঠার জন্য ২ বিঘা

জমি দান করেন। ইতোমধ্যে ভবন তৈরীর কাজ সম্পন্ন হয়েছে। ভবন এলাকার চারপাশে মাটি ভরাটের কাজ চলছে। আগামী জানুয়ারীর প্রথম সপ্তাহে মেয়েদের শিক্ষা কার্যক্রম শুরু হবে। শিক্ষক নিয়োগসহ আনুষঙ্গিক কাজকর্ম চলছে।

সম্প্রতি দেশে আসেন মাওলানা আব্দুর রহমান নেজামী। মাদ্রাসা তৈরীর সকল কার্যক্রম তিনিই এখন তদারকি করছেন। আগামী ৭ ডিসেম্বর স্বল্প সময়ের জন্য তিনি লন্ডন যাবেন এবং মাদ্রাসা উদ্বোধনের আগেই দেশে চলে আসবেন বলে মাওলানা নেজামী জানিয়েছেন।

গত বুধবার মাওলানা আব্দুল রহমান নেজামী মাখিউরা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান খানকে সাথে নিয়ে এ প্রতিবেদকের অফিসে এসে মাদ্রাসা প্রতিষ্ঠার কারণসহ বিভিন্ন বিষয়ে খোলামেলা আলোচনা করেন। মাওলানা নেজামী এক প্রশ্নের জবাবে বলেন, শেষ বয়সে কোন ভাল কাজ করে যেতে পারলে আত্মাহ ও রাসূলের খুশি হন। তাই ইহকালে কিছু পাওয়ার জন্য এলাকায় মহিলা মাদ্রাসা প্রতিষ্ঠার

উদ্যোগ গ্রহণ করি। তিনি বলেন, মেয়েরা ইসলামী শিক্ষায় শিক্ষিত হলে তাদের ছেলে-মেয়েরাও সহজে সুশিক্ষা লাভ করতে পারবে। আর এতে করে সমাজ থেকে সকল কুসংস্কার দূর হবে। শুধু কোরআন শিক্ষা নয় ভবিষ্যতে টাইটেল পর্যন্ত যুগোপযোগী আধুনিক শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে এ প্রতিষ্ঠান থেকে। বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ের মত সব ধরনের পাঠদান করানো হবে এ প্রতিষ্ঠানে। এছাড়াও ছাত্রীদের কম্পিউটার প্রশিক্ষণ দেয়া হবে। মাওলানা নেজামী নিজেই শিক্ষকদের বেতন ভাতাসহ আনুষঙ্গিক সব কিছু বহন করবেন বলে জানান। এছাড়াও তিনি এলাকার এতিমদের কল্যাণে এতিমখানা প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেছেন। এ লক্ষ্যে একটি ভবন নির্মাণের কাজ শীঘ্রই শুরু করবেন বলে জানান। মাওলানা নেজামী আগামী বছর থেকে এলাকার ২০ জন গরিব শিশুকে ফ্রি খুশনা প্রদানের কার্যক্রম গ্রহণ করেছেন।

মাওলানা আব্দুর রহমান নেজামীর এ মহতী উদ্যোগকে এলাকাবাসী স্বাগত জানিয়েছেন।